উপজেলা পরিষদ
জগন্নাথপুর,সুনামগঞ্জ।

## উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভার নোটিশ

আগামী ২৫ সেপ্টেম্বর রোজ সোমবার, বেলা ১২.০০ ঘটিকায় উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৩ মাসের সাধারণ সভা উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ নুরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

নির্ধারিত তারিখ ও সময়ে পরিষদের সম্মানিত সকল সদস্যকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্য সূচি নিম্নরুপ :

১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন ও দৃঢ়ীকরণ
২. বিগত সভার সিদ্ধান্ত সমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩. দপ্তর/বিভাগীয় আলোচনা।
৪. বিভিন্ন কমিটির সুপারিশমালা উপস্থাপন/অনুমোদন।
৫. আর্থিক বিবরণী উপস্থাপন।
৬. উপদেষ্টা মহোদয়ের উপদেশ উপস্থাপন।
৭. নতুন সার্কুলার/পরিপত্র প্রভৃতি উপস্থাপন।
৮. নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা।
৯. কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে অনাবাদী জমি চাষাবাদের আওতায় আনয়নের জন্য সম্ভাব্য গৃহীত পদক্ষেপ।
১০.বিবিধ।

১৭/০৯/২০২৩
(মোঃ সাজেদুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
জগন্নাথপুর,সুনামগঞ্জ।

স্মারক নং ঃ সুনাম/উজেপ/জঃপুর/সভা/২০২৩/20
তারিখ ঃ ১৭/০৯/২০২৩ খ্রিঃ

বিতরণ ও কার্যার্থে ঃ

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর,সুনামগঞ্জ।
২. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, জগন্নাথপুর,সুনামগঞ্জ।
৩.--------------------------------------------------------------------------------সদস্য, উপজেলা পরিষদ।
৪.জনাব----------------------------------------------------------------------------কর্মকর্তা, জগন্নাথপুর,সুনামগঞ্জ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে)

৫. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
১. মাননীয় পরিকল্পনা মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
২. পরিচালক,স্থানীয় সরকার, সিলেট বিভাগ।
৩. উপ-পরিচালক, স্থানীয় সরকার,সুনামগঞ্জ।
৪. অফিস কপি।

১৭/০৯/২০২৩
(মোঃ সাজেদুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
জগন্নাথপুর,সুনামগঞ্জ।

# উপজেলা পরিষদ

জগন্নাথপুর,সুনামগঞ্জ।

**সেপ্টেম্বর, ২০২৩ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মোঃ নুরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর,সুনামগঞ্জ।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
সভার তারিখ : ২৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রি.
সময় : বেলা ১২.০০ ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভার পক্ষ হতে আলোচ্যসূচি মোতাবেক সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর'কে অনুরোধ জানানো হয়। সভায় নিম্নোক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন: উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর, সুনামগঞ্জ বিগত ১৭ আগস্ট ২০২৩ খ্রি.তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং কোনরুপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

২। উপজেলা পরিষদে হস্তান্তরিত দপ্তরসমূহের কার্যক্রমভিত্তিক আলোচনা:

| ক্র: নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ। |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি ডাঃ শারমিন আরা আশা, মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, জগন্নাথপুর বলেন অত্র উপজেলায় অসংখ্য প্রতিবন্ধী রয়েছেন। প্রতিবন্ধিকতা সনাক্তকরণের লক্ষ্যে ডাক্তারের প্রত্যয়ন নেওয়ার জন্য অসংখ্য সুবিধাভোগী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আসেন। তাদের মধ্যে প্রতিবন্ধী নন এমন অসংখ্য ব্যক্তিকে প্রায়ই ফিরিয়ে দেওয়া হয়। এ বিষয়ে তিনি সভায় বিস্তারিত আলোচনা করেন। কোন কোন ক্ষেত্রে প্রতিবন্ধিকতা দীর্ঘস্থায়ীও নয়। বিভিন্ন ক্ষেত্রে অস্থায়ী প্রতিবন্ধিকতা দেখা যায়। এছাড়া প্রতিবন্ধিকতার মাত্রাগত তারতম্যও বিদ্যমান রয়েছে। এ লক্ষ্যে প্রতিবন্ধিকতার ধরন চিহ্নিতকরণ, মাত্রা নিরূপন ও কারণ নির্দিষ্টপূর্বক প্রতিবন্ধী জনগোষ্ঠীর সঠিক পরিসংখ্যান করতে হবে। তিনি আরো বলেন মাতৃত্ব ভাতার ক্ষেত্রে আরো অধিকতর যাচাই বাছাই করে সুবিধাভোগী নির্বাচন করতে হবে। এ ক্ষেত্রে গরীব মায়েদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন এবং বিভাগীয় কাজে সকলের সহযোগিতা প্রত্যাশা করেন। | বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। তাছাড়া প্রতিবন্ধী জনগোষ্ঠীর সঠিক পরিসংখ্যান নিশ্চিত করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। এছাড়াও মাতৃত্ব ভাতার ক্ষেত্রে সুবিধাভোগী নির্বাচনের নিমিত্ত যথাযথ কমিটি'র নিকট উত্থাপনের পূর্বে অধিকতর যাচাই-বাছাই করার জন্য সংশ্লিষ্ট অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ ও উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ |
| ০২ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জগন্নাথপুর | জনাব সোহরাব হোসেন, উপজেলা প্রকৌশলী, এলজিইডি জগন্নাথপুর বলেন রেট সিডিউলের থেকে জিনিস পত্রের দাম বেড়ে যাওয়ায় ঠিকাদাররা কাজ করছেন না। ইতোমধ্যে যে সকল ঠিকাদার কাজ করছেন না তাদের টেন্ডার বাতিলের জন্য সংশ্লিষ্ট কতৃপক্ষ বরাবর চিঠি পাঠানো হয়েছে এবং অনুমোদন সাপেক্ষে টেন্ডার বাতিল হলে নতুন করে টেন্ডার প্রদান করা হবে। তাছাড়া আইডিভুক্ত সবগুলো রাস্তার টেন্ডারের জন্য প্রস্তাব পাঠানো হয়েছে। তিনি বলেন কেশবপুর- রসুলগঞ্জ রাস্তার কাজ শেষ হয়েছে। পাটলী দিঘারকুল রাস্তার কাজ আরম্ভ হবে। এনায়েতগঞ্জ-হরিণাকান্দি রাস্তার টেন্ডার হয়েছে। কলকলিয়া ইউপির নাদামপুর রাস্তা ও নাদামপুর- মজিদপুর রাস্তার টেন্ডার | ক) বিস্তারিত আলোচনান্তে যে সকল ঠিকাদার কাজ করছেন না তাদের টেন্ডার বাতিল করে নতুন করে টেন্ডার প্রদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি'কে অনুরোধ করা হয়। তাছাড়া গয়াসপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নির্মাণাধীন নতুন ভবনের ছাদ দিয়ে পানি লিকেজ হচ্ছে কিনা পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি'কে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর, সুনামগঞ্জ ও উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জগন্নাথপুর, সুনামগঞ্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অপেক্ষমান আছে।<br><br>জনাব শেখ মোঃ ছদরুল ইসলাম, চেয়ারম্যান, রানীগঞ্জ ইউনিয়ন পরিষদ জগন্নাথপুর- রানীগঞ্জ রাস্তার কাটাগাঙ্গের উপর আর সি সি ব্রিজ একনেক সভায় অনুমোদন হওয়ায় মাননীয় পরিকল্পনা মন্ত্রী, জনাব এম এ মান্নান মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান। | | |
| | | জনাব মোঃ আঙ্গুর মিয়া চেয়ারম্যান, পাটলী ইউনিয়ন পরিষদ বলেন রসুলগঞ্জ বাজারের গলি সংস্কার অত্যন্ত জরুরী হয়ে পড়েছে। সাতহাল-কুড়িহাল রাস্তা তিন বছর ধরে টেন্ডার হয়েছে, এখনও কাজ আরম্ভ হয় নি। এছাড়াও রসুলগঞ্জ- লামারসুলগঞ্জ রাস্তা ও পাটলী দীঘারকূল রাস্তার বেহাল অবস্থা। এ বিষয়ে তিনি উপজেলা প্রকৌশলী, এলজিইডি'র দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরো বলেন একটি নতুন চায়না জাল বাজারে এসেছে, যেটিকে বস্তা জাল বলে এবং বস্তা জালের কারণে মাছের বংশ বিস্তার হচ্ছে না। অসাধু মৎস্যজীবীরা বস্তা জাল দিয়ে পোনাসহকারে মাছ পুরোধমে নিধন করে ফেলছে। তিনি বস্তা জাল বিক্রি বন্ধ ও বস্তা জাল ব্যবহারকারীদের বিরুদ্ধে আইনানুগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন। | খ) রসুলগঞ্জ বাজারের গলি সংস্কার, সাতহাল-কুড়িহাল রাস্তা, রসুলগঞ্জ- লামা রসুলগঞ্জ রাস্তা ও পাটলী দীঘারকূল রাস্তার কাজ দ্রুত আরম্ভের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি'কে অনুরোধ করা হয়। বস্তা জাল বিক্রি বন্ধ ও বস্তা জাল ব্যবহারকারী অসাধু মৎস্যজীবীদের বিরুদ্ধে আইনানুগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ করা হয়। | ঐ |
| | | জনাব মোঃ শহিদুল ইসলাম বকুল, চেয়ারম্যান, চিলাউড়া হলদিপুর ইউনিয়ন পরিষদ বলেন ট্রাক্টর চলাচলে জগন্নাথপুর-চিলাউড়া সড়কের আজ বেহাল অবস্থা। এতে করে ছোটকাটো দুর্ঘটনার পাশাপাশি ভোগান্তি পোহাচ্ছে মানুষ। তাছাড়া ট্রাক্টর চালকরা রাস্তায় কাদা মাটি ফেলে যায় এবং বৃষ্টি হলে রাস্তা পিচ্ছিল হয়ে তা অহরহ দুর্ঘটনার কারণ হয়ে দাড়ায়। তিনি অনুমোদনহীন ট্রাক্টর চালকদের বিরুদ্ধে আইনানুগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। তাছাড়া তিনি বলেন খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় অনেক কার্ডধারী রয়েছেন এতে যারা মৃত্যুবরণ করেছেন অথবা কেউ বিদেশে চলে গেছেন কিন্তু তাদের নাম পরিবর্তন করা যাচ্ছে না। উক্ত কর্মসূচির আওতায় যারা মৃত্যুবরণ করেছেন এবং বিদেশে চলে গেছেন তাদের নাম পরিবর্তন করে নতুন উপকারভোগীদের সুযোগ করে দেওয়ার প্রস্তাব করেন। | গ) আলোচনান্তে অবৈধ ট্রাক্টর চালক বিশেষ করে যারা সরকারি রাস্তার ক্ষতি সাধন করছে এবং জনগণের যাতায়াতে প্রতিবন্ধকতা সৃষ্টি করছে তাদের বিরুদ্ধে আইনানুগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুরকে অনুরোধ করা হয়। তাছাড়া খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় কার্ডধারী যারা মৃত্যুবরণ করেছেন অথবা কেউ বিদেশে চলে গেছেন তাদের নাম পরিবর্তন করে নতুন উপকারভোগী অন্তর্ভুক্তির জন্য যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টিগোচরে নিয়ে আসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়। | |
| | | জনাব মোঃ রফিক মিয়া, চেয়ারম্যান, কলকলিয়া ইউনিয়ন পরিষদ বলেন কলকলিয়া সাদিপুর রাস্তার বলবলের ব্রিজের রেলিং ভেঙ্গে গেছে। যে কোন সময় দুর্ঘটনা ঘটতে পারে। তাছাড়া যুগল নগর ব্রীজের খুবই ভয়াবহ অবস্থা। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ঙ) আলোচনান্তে কলকলিয়া সাদিপুর রাস্তার বলবলের ব্রিজের রেলিং মেরামত এবং যুগল নগর ব্রিজ মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি'কে অনুরোধ করা হয়। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | উপজেলা কৃষি অফিস | জনাব কাওসার আহমেদ, উপজেলা কৃষি কর্মকর্তা, জগন্নাথপুর সভাকে অবহিত করেন যে, এ বছর আমন ধানের লক্ষমাত্রা ছিল ৯৫৫৫ হেক্টর। লক্ষমাত্রার চেয়েও বেশি আবাদ হয়েছে এবং এ বছর ৯৬০২ হেক্টর আমন ধান আবাদ করা হয়েছে। অত্র উপজেলায় সরিষার আবাদ বৃদ্ধির চেষ্টা করা হচ্ছে। তাছাড়া কৃষকদের মাঝে প্রনোদনা হিসেবে সার ও বীজ সহায়তা প্রদান করা হবে এবং সঠিক সময়ের মধ্যে কৃষকদের হাতে সার ও বীজ পৌছে দেওয়া হবে। বর্তমানে পর্যাপ্ত পরিমাণ সার ও বীজ মজুদ আছে। তিনি আরো বলেন বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে এবং তিনি বিভাগীয় কাজে সকলের সহযোগিতা প্রত্যাশা করেন। | বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। তাছাড়া অত্র উপজেলায় সরিষার আবাদ বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ |
| ০৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | বিভাগীয় কর্মকর্তা অনুপস্থিত থাকায় আলোচনা হয় নি। | বিভাগীয় কর্মকর্তাকে সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ |
| ০৫ | উপজেলা সমাজসেবা অফিস | জনাব বিলাল হোসেন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা জগন্নাথপুর বলেন ১০ আগস্ট ২০২৩ হতে ১০ সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার অনলাইনে আবেদনের সময়সীমা ছিল। আবেদনের সময়সীমা শেষ হওয়ায় অটমেটিক সার্ভার বন্ধ হয়ে গেছে এবং এ বছর আর আবেদন করা যাবে না। এ বছর বয়স্ক ভাতার জন্য ২৬১৫ জন, বিধবা ভাতার জন্য ৩৬১১ জন এবং প্রতিবন্ধী ভাতার জন্য ১০০০ জনসহ সর্বমোট ৭,২২৬ জন উপকারভোগী অনলাইনে আবেদন করেছেন। রানীগঞ্জ ইউনিয়ন থেকে সর্বাধিক ১৫৮৪ টি আবেদন পড়েছে এবং প্রত্যেক ইউনিয়ন ও পৌরসভা থেকে উল্লেখযোগ্য আবেদন হয়েছে। তিনি এ বিষয়ে মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের সাথে আলাপ করার জন্য সভায় প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার বরাদ্দ বৃদ্ধির জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর, সুনামগঞ্জ ও উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ |
| ০৬ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রতিনিধি জনাব মোঃ সাইফুদ্দিন খান, উপ-সহকারী প্রকৌশলী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস, জগন্নাথপুর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন এবং তিনি বিভাগীয় কাজে সকলের সহযোগিতা প্রত্যাশা করেন। | বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম আরো জোরদার করার জন্য সংশ্লিষ্ট দপ্তরকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ |
| ০৭ | উপজেলা যুব উন্নয়ন অফিস | জনাব মোঃ আশরাফ আলী, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জগন্নাথপুর প্রথমেই তিনি তার ব্যক্তিগত পরিচয় তুলে ধরেন। অতঃপর তিনি বলেন অত্র উপজেলার যুব উন্নয়ন অফিসের জনবল সংকট নিরসনের লক্ষ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগযোগ করা হয়েছে এবং খুব শীঘ্রই জনবল সংকট নিরসন হবে মর্মে সভায় আশাবাদ ব্যক্ত করেন। | বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম আরো জোরদার করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ |
| ০৮ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জনাব জ্যোতিষ চন্দ্র দাশ, সহকারি পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জগন্নাথপুর বলেন উপস্বাস্থ্য কেন্দ্রগুলোতে মিডওয়াইফ নিয়োগ করা হয়েছে এবং ইতোমধ্যে বেশ কয়েকটি প্রাতিষ্ঠানিক ডেলিভারী সফলভাবে সম্পন্ন করা হয়েছে। তিনি প্রাতিষ্ঠানি ডেলিভারী বৃদ্ধির লক্ষ্যে জনগণকে উদ্বুদ্ধ করার জন্য জনপ্রতিনিধিদের অনুরোধ করেন। | বিভাগীয় কার্যক্রম আরো জোরদার করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। তাছাড়া প্রাতিষ্ঠানি ডেলিভারী বৃদ্ধির লক্ষ্যে জনগণকে উদ্বুদ্ধ করার জন্য জনপ্রতিনিধিদের অনুরোধ করা করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জগন্নাথপুর, সুনামগঞ্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | উপজেলা মৎস্য অফিস | জনাব মোঃ আখতারুজ্জামান, উপজেলা মৎস্য কর্মকর্তা, জগন্নাথপুর বলেন এ বছর প্রায় ৩১ হাজার পোনা মাছ উন্মুক্ত জলাশয়ে অবমুক্ত করা হয়েছে। তিনি উপজেলা পরিষদের নতুন ভবনে পরিচ্ছন্নতার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় প্রস্তাব করেন। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। বিভাগীয় কাজে সকলের সহযোগিতা প্রত্যাশা করেন। | বিভাগীয় কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। তাছাড়া উপজেলা পরিষদের নতুন ভবনের পরিচ্ছন্নতার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি'কে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা জগন্নাথপুর, সুনামগঞ্জ ও উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জগন্নাথপুর, সুনামগঞ্জ |
| ১০ | উপজেলা প্রাণিসম্পদ অফিস | ডাঃ মোঃ খালেদ সাইফুল্লাহ, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জগন্নাথপুর বলেন গবাদি পশুর বিভিন্ন সংক্রামক রোগ প্রতিরোধে ভেক্সিন প্রদান করা হচ্ছে। বিভিন্ন খামারী ও কৃষকদের অধিকতর সচেতন করার জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। তাছাড়া তিনি গবাদি পশুর যে কোন ধরণের চিকিৎসার জন্য উপজেলা প্রাণিসম্পদ অধিদপ্তরে যোগাযোগ করার অনুরোধ করেন। তিনি আরো বলেন বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে এবং তিনি বিভাগীয় কাজে সকলের সহযোগিতা প্রত্যাশা করেন। | বিভাগীয় কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ |
| ১১ | উপজেলা শিক্ষা অফিস | জনাব মানিক চন্দ্র দাশ, উপজেলা শিক্ষা কর্মকর্তা, জগন্নাথপুর বলেন প্রাথমিক শিক্ষা অধিদপ্তর 'এসো শিখি প্রকল্প' নামে একটি প্রকল্প চালু করেছে। প্রথম থেকে প্রঞ্চম শ্রেণির প্রান্তিক শিক্ষার্থীরা পড়া ও শেখার দক্ষতা অর্জন করবে বিশেষ এ প্রকল্পের মাধ্যমে। তিনি আরো বলেন গয়াসপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সভাপতি স্কুলের নতুন ভবনের ছাদ দিয়ে পানি পড়ার অভিযোগ করেছেন। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি উপজেলা প্রকৌশলী এলজিইডি'র দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরো বলেন উত্তর জগন্নাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা জনাব লিনা খানম, জেলা পর্যায়ে শ্রেষ্ঠ প্রধান শিক্ষিকা নির্বাচিত হয়েছেন এবং তিনি জেলা পর্যায়ে শ্রেষ্ঠ উপজেলা শিক্ষা অফিসার নির্বাচিত হয়েছেন। তাছাড়া তিনি বলেন অনেক শিক্ষক/শিক্ষিকা উচ্চতর শিক্ষার জন্য বিদেশে চলে গেছেন। তাদের কেউই প্রাথমিক শিক্ষা অফিসকে অবহিত করে যান নি। তাদের অনুপস্থিতিতে অনেক বিদ্যালয়ে শিক্ষক সংকট দেখা দিয়েছে। ইতোমধ্যে তাদের তালিকা করা হচ্ছে এবং তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | গয়াসপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবনের ছাদ পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী এলজিইডি'কে অনুরোধ করা হয়। শিক্ষক/শিক্ষিকাদের মধ্যে যারা যথাযথ কতৃপক্ষের অনুমতি ব্যতিরেখে বিদেশে চলে গেছেন তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, জগন্নাথপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ |
| ১২ | উপজেলা সমবায় অফিস | জনাব রাজমনি সিংহ, উপজেলা সমবায় অফিসার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন এবং তিনি বিভাগীয় কাজে সকলের সহযোগিতা প্রত্যাশা করেন। | বিভাগীয় কার্যক্রমে গতিশীলতা আনয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার, জগন্নাথপুর, সুনামগঞ্জ |
| ১৩ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | জনাব আব্দুর রব সরকার, সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বলেন এ বছর পাইপ লাইনের মাধ্যমে ১০ হাজার পরিবারকে সুপেয় পানির আওতায় নিয়ে আসা হবে। আগামীতে টিউবওয়েলের পরিবর্তে সাবমারসিবল পাম্প বসানো হবে। | বিভাগীয় কার্যক্রমে গতিশীলতা আনয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জগন্নাথপুর, সুনামগঞ্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | বিভাগীয় কর্মকর্তা অনুপস্থিত থাকায় আলোচনা হয় নি। | বিভাগীয় কর্মকর্তাকে সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে। | - |
| ১৫ | উপজেলা মহিলা বিষয়ক অফিস | বিভাগীয় কর্মকর্তা অনুপস্থিত থাকায় আলোচনা হয় নি। | বিভাগীয় কর্মকর্তাকে সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ |
| ১৬ | উপজেলা বন বিভাগ | বিভাগীয় কর্মকর্তা অনুপস্থিত থাকায় আলোচনা হয় নি। | বিভাগীয় কর্মকর্তাকে সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে। | - |
| ১৭ | উপজেলা পরিসংখ্যান অফিস | জনাব মিন্টু সরকার, পরিসংখ্যান কর্মকর্তা জগন্নাথপুর বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন এবং তিনি বিভাগীয় কাজে সকলের সহযোগিতা প্রত্যাশা করেন। তাছাড়া তিনি বলেন নিয়মিত ভাবে কৃষি পরিসংখ্যানের কাজ করা হচ্ছে। | বিভাগীয় কার্যক্রমে গতিশীলতা আনয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য পরিসংখ্যান কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | পরিসংখ্যান কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ |
| ১৮ | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন এবং তিনি বিভাগীয় কাজে সকলের সহযোগিতা প্রত্যাশা করেন। | বিভাগীয় কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য আবাসিক প্রকৌশলী,(বিদ্যুৎ) কে অনুরোধ করা হয়। | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) জগন্নাথপুর, সুনামগঞ্জ। |

**৩। বিবিধ**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ। |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ জগন্নাথপুর সভাকে জানান যে, উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৩ মাসের আপ্যায়ন বাবদ ৩০,০০০/- টাকা, সেপ্টেম্বর/২০২৩ মাসের আনুষঙ্গিক বাবদ ৫,০০০/- টাকা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানগণের কক্ষ ও উপজেলা পরিষদ হলরুমের সেপ্টেম্বর/২০২৩ মাসের বিদ্যুৎ বিল বাবদ ৪,০০০/- টাকা, উপজেলা পরিষদ জীপ গাড়ির দুইটি চাকা পরিবর্তন বাবদ ৫০,০০০/- টাকা, উপজেলা পরিষদ নন গেজেটেড কোয়ার্টারের পানির পাম্প এর অক্টোবর/২০২২ হতে আগস্ট/২০২৩ পর্যন্ত বিদ্যুৎ বিল ও পাম্পের একটি দরজা লাগানো বাবদ ৯,৬০০/- টাকা, স্থানীয় সরকার দিবস উদযাপন বাবদ ২৫,০০০/- টাকা, (স্থানীয় সরকার বিভাগের ১১ সেপ্টেম্বর ২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৮৭.১২(অংশ-৩) ৫০২ নং স্মারকে উপজেলা রাজস্ব তহবিল হতে উক্ত ব্যয় নির্বাহের নির্দেশনা রয়েছে), উপজেলা পরিষদ ভবনের পানির পাম্প মেরামত বাবদ ১২,৫০০/- টাকা, উপজেলা পরিষদ কোয়ার্টার টি/১ ও টি/২ বাসার পানির পাম্প এর বিদ্যুৎ বিল বাবদ ৬৩০০/- টাকা, উপজেলা পরিষদ আঙ্গিনা ও পুকুর পরিষ্কার পরিচ্ছন্নতা বাবদ ৫০,০০০/- টাকা, বিজ্ঞাপন ব্যবস্থাপক দৈনিক উত্তরপূর্ব কর্তৃক ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির বিজ্ঞাপন বিল বাবদ ৩৩,১২৩/- টাকার বিল দাখিল করেন। ব্যয়িত বিল সমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যাইতে পারে। | আলোচনান্তে উপজেলা পরিষদের সেপ্টেম্বর ২০২৩ মাসের আপ্যায়ন বাবদ ৩০,০০০/- টাকা, সেপ্টেম্বর/২০২৩ মাসের আনুষঙ্গিক বাবদ ৫,০০০/- টাকা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানগণের কক্ষ ও উপজেলা পরিষদ হলরুমের সেপ্টেম্বর/২০২৩ মাসের বিদ্যুৎ বিল বাবদ ৪,০০০/- টাকা, উপজেলা পরিষদ নন গেজেটেড কোয়ার্টারের পানির পাম্প এর অক্টোবর/২০২২ হতে আগস্ট/২০২৩ পর্যন্ত বিদ্যুৎ বিল ও পাম্পের একটি দরজা লাগানো বাবদ ৯,৬০০/- টাকা, স্থানীয় সরকার দিবস উদযাপন বাবদ ২৫,০০০/- টাকা, উপজেলা পরিষদ ভবনের পানির পাম্প মেরামত বাবদ ১২,৫০০/- টাকা, উপজেলা পরিষদ কোয়ার্টার টি/১ ও টি/২ বাসার পানির পাম্প এর বিদ্যুৎ বিল বাবদ ৬৩০০/- টাকা,উপজেলা পরিষদ আঙ্গিনা ও পুকুরঘাট পরিষ্কার পরিচ্ছন্নতা বাবদ ৫০,০০০/- টাকা, বিজ্ঞাপন ব্যবস্থাপক দৈনিক উত্তরপূর্ব কর্তৃক ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির বিজ্ঞাপন বিল বাবদ ৩৩,১২৩/- টাকার বিল সমূহ উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ জগন্নাথপুর, সুনামগঞ্জ ও উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর, সুনামগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ০২ | ক) উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর বলেন উপজেলা পরিষদের কার্যাবলী সুচারুভাবে সম্পাদনের নিমিত্ত উপজেলা পরিষদ আইন ১৯৯৮ এর ধারা ২৯ মোতাবেক নবগঠিত পরিষদের ভাইস চেয়ারম্যান বা সদস্য বা মহিলা সদস্যগণ সমন্বয়ে বিগত ২১ ডিসেম্বর/২০২২ খ্রি. উপজেলা পরিষদের মাসিক সভায় ১৭ টি স্থায়ী কমিটি গঠন করা হয়। তিনি বলেন উপজেলা পরিষদ আইন ১৯৯৮ (সংশোধন ২০১১) এর ধারা ২৯ এর উপধারা ৬ অনুসারে গঠিত প্রত্যেক কমিটি'র প্রতি দুইমাসে অন্যুন একবার সভা করার বাধ্যবাধকতা রয়েছে। এছাড়া তিনি স্থানীয় প্রেক্ষাপট ও চাহিদার সাথে সংগতি রেখে কমিটি সমূহের করণীয় নির্ধারণের গুরুত্ব আরোপ করার বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন এবং একই সাথে সংশ্লিষ্ট কাজ সম্পাদনের জন্য প্রচলিত আইন/বিধি/পরিপত্রে বর্ণিত কার্যাবলীসমূহ বিবেচনায় নেয়ার গুরুত্ব সভায় তুলে ধরেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) আলোচনান্তে উপজেলা পরিষদ আইন ১৯৯৮ (সংশোধন ২০১১) এর ধারা ২৯ এর উপধারা ৬ অনুসারে প্রত্যেক কমিটি প্রতি দুইমাসে অন্যুন একবার সভা করার জন্য উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানগণ ও সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। কমিটিসমূহের স্ব স্ব কার্যক্রম স্থানীয় প্রেক্ষাপট ও চাহিদার সাথে সংগতি রেখে এর করণীয় কাজসমূহ নির্ধারণ করতে হবে। তবে এরূপ কাজ সম্পাদনের জন্য প্রচলিত আইন/বিধি/পরিপত্রে বর্ণিত কার্যাবলীসমূহ বিবেচনায় আনতে হবে। | ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা) উপজেলা পরিষদ জগন্নাথপুর, সুনামগঞ্জ ও সংশ্লিষ্ট সকল |
| | খ) উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর গত ১৯.০৫.২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার ৪(২)(খ) ক্রমিকের সিদ্ধান্তে বর্ণিত "বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার কাম অ্যাথেনিয়াম" স্থাপন সংক্রান্ত বিষয়টি সভায় উপস্থাপন করেন। তিনি বর্তমানে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার এর জরাজীর্ণ অবস্থা ও এখানে প্রদর্শিত চিত্রকর্মের অনুপাতে স্থান অপ্রতুলতার প্রসঙ্গটি সভায় সকল সদস্যের জ্ঞাতার্থে তুলে ধরেন। উপজেলা পরিষদ চেয়ারম্যান, জগন্নাথপুর, সুনামগঞ্জ বলেন বর্তমানে যেখানে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার বিদ্যমান আছে সেখানেই সেটি রেনোভেশনসহ আরো বিস্তৃত পরিসরে করা যেতে পারে এবং 'জগন্নাথপুর অ্যাথেনিয়াম' পৃথকভাবে পুরাতন পরিষদ ভবনের নিচতলার পশ্চিম প্রান্তের পরিত্যাক্ত কক্ষটি প্রয়োজনীয় সংস্কার সাপেক্ষে বিবেচনা করা যেতে পারে বলে মন্তব্য করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া গত ২৫/০৫/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ উপ-নির্বাচনে নির্বাচিত বর্তমান উপজেলা চেয়ারম্যান মহোদয় দ্বায়িত্বভার গ্রহণের পূর্বে (২২.০৬.২০২৩ খ্রি.) গত ২২.০৫.২০২৩ খ্রি. তারিখে মাসিক সাধারণ সভার ৩(২) (খ) ক্রমিকের সিদ্ধান্তক্রমে অনুমোদিত ১) উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণ বাবদ ৯৮,৯১,৬৬০/- টাকা এবং ২) উপজেলা পরিষদের প্রধান ফটক নির্মাণ বাবদ ২৩,১১,৫৩৩/- টাকার প্রস্তাবটি পুনরায় সভায় প্রাক্কলনসহ উপস্থাপন করা হয়। উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় বলেন উপজেলা পরিষদের সার্বিক নিরাপত্তার জন্য সীমানা প্রাচীর নির্মাণ খুবই গুরুত্বপূর্ণ। এছাড়া জগন্নাথপুর উপজেলা পরিষদ সংলগ্ন খাদ্য গোদামের পার্শ্বে আর্চ ব্রিজ নির্মাণাধীন থাকায় বিকল্প সড়ক হিসেবে পরিষদের অভ্যন্তরীণ রাস্তা দিয়ে সিএনজি, অটোরিক্সা, মোটরসাইকেল, মিনি ট্রাকভ্যান নিয়মিতভাবে যাতায়াত শুরু করেছে। পরিষদের ভেতর দিয়ে এ সকল গণপরিবহণে যাতায়াত নিয়ন্ত্রণ/সীমিত করার জন্য পরিষদের প্রধান ফটক নির্মাণ খুবই জরুরী হয়ে পড়েছে। তাছাড়া গত ২২.০৬.২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার ৩(২)(খ) ক্রমিকের সিদ্ধান্তক্রমে ১) উপজেলা পরিষদের পুরাতন প্রশাসনিক ভবনের সেপটিক ট্যাংক নির্মাণ বাবদ ৪,০৯,৯৯৪/- টাকা ২) টয়লেট মেরামত ও পাইপ ফিটিং ও টাইলস বাবদ ২,৩৯,৮৮৭/- টাকার অনুমোদিত প্রকল্প সমূহের প্রাক্কলন হাল রেট সিডিউল অনুযায়ী করা হয়েছে কি না এ বিষয়ে উপজেলা প্রকৌশলী, এলজিইডি এর দৃষ্টি আকর্ষণ করা হয় এবং সংশ্লিষ্ট প্রকল্পের প্রাক্কলন সমূহ পর্যালোচনা পূর্বক পরবর্তী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডিকে অনুরোধ করা হয়। | খ) আলোচনান্তে বর্তামানে বিদ্যমান স্থানেই বিস্তৃত পরিসরে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার এর রেনোভেশনসহ আনুষঙ্গিক কাজ এবং উপজেলা পরিষদের পুরাতন ভবনের পশ্চিম প্রান্তের পরিত্যাক্ত কক্ষে 'জগন্নাথপুর অ্যাথিনিয়াম স্থাপনের লক্ষ্যে কক্ষটির প্রয়োজনীয় সংস্কার কাজ বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। সংশ্লিষ্ট প্রকল্প দু'টির প্রাক্কলন প্রস্তুত পূর্বক আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলী এলজিইডি'কে অনুরোধ করা হয়।<br><br>গ) ১) উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণ এবং ২) উপজেলা পরিষদের প্রধান ফটক নির্মাণ ৩) উপজেলা পরিষদের পুরাতন প্রশাসনিক ভবনের সেপটিক ট্যাংক নির্মাণ ৪) টয়লেট মেরামত ও পাইপ ফিটিং ও টাইলস স্থাপন/প্রতিস্থাপন প্রকল্প সমূহের প্রস্তুতকৃত প্রাক্কলন পর্যালোচনা পূর্বক পরবর্তী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলী এলজিইডি'কে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর, সুনামগঞ্জ ও উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জগন্নাথপুর, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | জনাব আবুল হোসেন লালন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে তাহার বক্তব্য আরম্ভ করেন। বক্তব্যের প্রারম্ভেই তিনি কিছু ধন্যবাদ প্রস্তাব সভায় উপস্থাপন করেন। তিনি বলেন বিগত ১২ সেপ্টেম্বের ২০২৩ একনেক সভায় পাগলা- জগন্নাথপুর-রানীগঞ্জ-আউশকান্দি সড়ক প্রশস্তকরণ (পাকা রাস্তা) ১৮ ফুট থেকে ৩৪ ফুটে উন্নিতকরণ, জগন্নাথপুর উপজেলার কাটাগাঙ্গে আর সি সি সেতু নির্মাণ, সিলেট সুনামগঞ্জ সড়কের শান্তিগঞ্জ উপজেলা সদর অংশে ২ কিলোমিটার ৪ লেন সড়ক নির্মাণ, শান্তিগঞ্জ বাজার-ডাবর ইত্যাদি বাজারে গোলচত্বর, ইন্টারসেকশন নির্মাণ ও সৌন্দর্য্য বর্ধন কাজ, বিভিন্ন স্থানে কনক্রিট স্লোপ প্রোটেকশনের মাধ্যমে সড়ক বাঁধের স্থায়ী রক্ষাপ্রদ কাজ বাবদ ১৭ শত ৪২ কোটি টাকার কাজ অনুমোদন করায় মাননীয় পরিকল্পনা মন্ত্রী, জনাব এম এ মান্নান মহোদয়ের প্রতি ধন্যবাদ প্রস্তাব করেন। উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরে নবযোগদানকৃত অফিসার জনাব মোঃ আশরাফ আলী মহোদয়কে শুভেচ্ছা ও স্বাগত জানান। তিনি আরো বলেন জনাব প্রদীপ কুমার দেব, প্রয়াত উপজেলা যুব উন্নয়ন অফিসার,জগন্নাথপুর বিগত ১৭ আগস্ট ২০২৩ খ্রি, উপজেলা পরিষদের সভায় উপস্থিত ছিলেন। তিনি গত ০১ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে মৃত্যুবরণ করেন। তিনি বলেন তার মৃত্যুতে আমরা গভীরভাবে শোকাহত এবং তার বিদেহী আত্মার শান্তি কামনা করি। তিনি শোক সন্তপ্ত পরিবারের প্রতি সভার পক্ষ হতে সমবেদনা জানান এবং তার জন্য শোক প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে বর্ণিত উন্নয়ন প্রকল্প সমূহের কাজ অনুমোদন হওয়ায় মাননীয় পরিকল্পনা মন্ত্রী, জনাব এম এ মান্নান মহোদয়ের প্রতি ধন্যবাদ প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। জনাব প্রদীপ কুমার দেব, উপজেলা যুব উন্নয়ন অফিসার এর মৃত্যুতে একটি শোক প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ |
| | জনাব মোঃ নুরুল ইসলাম চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে তাহার বক্তব্য আরম্ভ করেন। তিনি বলেন জগন্নাথপুরের উন্নয়নের অগ্রযাত্রাকে ত্বরান্বিত করতে প্রতিটি সেক্টরকে কাজ করতে হবে। উপজেলার উন্নয়ন নিশ্চিত করতে আমরা কখনই অন্যের মডেলের ওপর নির্ভর করব না। উপজেলার সার্বিক উন্নয়নের গতি ত্বরান্বিত করতে আমরা নিজস্ব মেধা ও চিন্তার প্রয়োগ ঘটাব। তিনি উপজেলা পরিষদের হস্তান্তরিত সকল বিভাগীয় প্রধানসহ সকল বিভাগীয় প্রধানকে নিজস্ব মেধা ও চিন্তা কাটিয়ে নতুন নতুন উদ্ভাবন ও উন্নয়ন সম্ভাবনাকে উন্মোচিত করার অনুরোধ জানান। তিনি বঙ্গবন্ধুর আদর্শকে ধারণ করে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশকে গড়ে তুলতে স্ব স্ব অবস্থান থেকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান। এছাড়াও তিনি ঘোষগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এবং বড় ফেচী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবনের প্রস্তাব করেন।<br><br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ আরো বলেন জগন্নাথপুর হাসিমাবাদ এলাকায় নলজুর নদীর উপর দুই পাড়ের মানুষের যাতায়াতের সুবিধার্থে জরুরী ভিত্তিতে একটি বাসের সাকো নির্মাণ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে জগন্নাথপুর হাসিমাবাদ এলাকায় নলজুর নদীর উপর বাসের সাকো নির্মাণ বাবদ উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে ১,৫০,০০০/- টাকা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি উক্ত প্রকল্প বাস্তবায়নের জন্য একটি পিআইসি প্রস্তাব করেন। | জগন্নাথপুর হাসিমাবাদ এলাকায় নলজুর নদীর উপর বাসের সাকো নির্মাণ বাবদ উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে ১,৫০,০০০/- টাকা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং সংশ্লিষ্ট পিআইসি অনুমোদন করা হয়। | উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ ও উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জগন্নাথপুর, সুনামগঞ্জ |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নুরুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
জগন্নাথপুর,সুনামগঞ্জ।

স্মারক নং- সুনাম/উজেপ/জপুর/সভা/২০২৩/ ২৩ (৪০) তারিখ :-২৫/০৯/২০২৩ খ্রি:

অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে :

১) মেয়র, জগন্নাথপুর, পৌরসভা।
২) ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়রম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর,সুনামগঞ্জ।
৩) উপজেলা ----------------------------------------------কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল) জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৪) চেয়রম্যান,---------------------------------------------- ইউপি (সংশ্লিষ্ট সকল) জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৫) জনাব------------------------------------------------------------------------------------------------------।

অনুলিপি : সদয় অবগতির জন্য

১) মাননীয় সংসদ সদস্য- ২২৬, সুনামগঞ্জ-৩ এবং মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, আগারগাঁও, শের-ই বাংলা নগর, ঢাকা-১২০৭
২) সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩) বিভাগীয় কমিশনার,সিলেট।
৪) পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫) জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৬) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর,সুনামগঞ্জ।
৭) অফিস কপি।

২৫.০৯.২০২৩

(মোঃ সাজেদুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
জগন্নাথপুর, সুনামগঞ্জ।

পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

উপস্থিত জনপ্রতিনিধিগণের তালিকাঃ

১. জনাব মোঃ নুরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
২. জনাব আবুল হোসেন লালন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৩. জনাব মোছাঃ সুফিয়া খানম সাথী, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৪. জনাব মোঃ রফিক মিয়া, চেয়ারম্যান, কলকলিয়া ইউনিয়ন পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৫. জনাব মোঃ আঙ্গুর মিয়া, চেয়ারম্যান, পাটলী ইউনিয়ন পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৬. জনাব মোঃ মাহবুবুল হক, চেয়ারম্যান, মীরপুর ইউনিয়ন পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৭. জনাব মোঃ শহিদুল ইসলাম বকুল, চেয়ারম্যান, চিলাউড়া হলদিপুর ইউনিয়ন পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৮. জনাব শেখ মোঃ ছদরুল ইসলাম, চেয়ারম্যান, রানীগঞ্জ ইউনিয়ন পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৯. জনাব মোঃ আইয়ুব খান, চেয়ারম্যান, আশারকান্দি ইউনিয়ন পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
১০. জনাব মোঃ মখলুছ মিয়া, চেয়ারম্যান, পাইলগাঁও ইউনিয়ন পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

অনুপস্থিত জনপ্রতিনিধিগণের তালিকাঃ

১. জনাব মোঃ আক্তার হোসেন, মেয়র, জগন্নাথপুর পৌরসভা, জগন্নাথপুর,সুনামগঞ্জ।
২. জনাব মোহাম্মদ আবুল হাসান, চেয়ারম্যান, সৈয়দপুর শাহারপাড়া ইউনিয়ন পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

উপস্থিত অফিসারগণের তালিকাঃ

১. জনাব মোঃ সাজেদুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর,সুনামগঞ্জ।
২. ডাঃ মধু সুধন ধর, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জগন্নাথপুর,সুনামগঞ্জ।
৩. জনাব কাওসার আহমেদ, উপজেলা কৃষি কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৪. ডাঃ মোঃ খালেদ সাইফুল্লাহ, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৫. জনাব মোঃ আখতারুজ্জামান, উপজেলা মৎস্য কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৬. জনাব সোহরাব হোসেন, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৭. জনাব মানিক চন্দ্র দাশ, উপজেলা শিক্ষা কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৮. জনাব এ কে এম মোখলেছুর রহমান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৯. জনাব মোঃ আব্দুর রব সরকার, সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), জগন্নাথপুর, সুনামগঞ্জ।
১০. জনাব বিলাল হোসেন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
১১. জনাব জ্যোতিষ চন্দ্র দাশ, সহকারি পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
১২. জনাব মিন্টু সরকার, পরিসংখ্যান কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
১৩. জনাব মোহাম্মদ জিল্লুর রহমান, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, (ভারপ্রাপ্ত) জগন্নাথপুর, সুনামগঞ্জ।
১৪. আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ), জগন্নাথপুর, সুনামগঞ্জ।
১৫. জনাব মোঃ দেলোয়ার হোসেন, উপজেলা সমবায় কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
১৮. জনাব প্রদীপ কুমার দেব, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, (অঃদাঃ) জগন্নাথপুর, সুনামগঞ্জ।
১৯.জনাব মোহাম্মদ আব্দুর রব, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
২০. জনাব হোসাইন আহমদ বিপ্লব ইউডিএফ, ইউজিডিপি, স্থানীয় সরকার বিভাগ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

অনুপস্থিত অফিসারগণের তালিকাঃ

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
২. জনাব মোঃ শাহাদাৎ হোসেন ভূঞা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

# সেপ্টেম্বর ২০২৩ মাসের মাসিক সাধারণ সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা

| ক্রমিক নং | নাম ও পদবী | 22/06/2023 | 22/08/2023 | 27/07/2023 | 29/08/23 | 25/9/23 | 30/10/2023 | 29/11/2023 | 21/12/2023 | 28/01/2024 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর সুনামগঞ্জ। | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | | [illegible] | [illegible] |
| 02 | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জগন্নাথপুর সুনামগঞ্জ। | [illegible] | [illegible] 22/6/23 | [illegible] | [illegible] | [illegible] 25/09/23 | [illegible] 30/10/23 | [illegible] 29/11/23 | [illegible] 21/12/23 | [illegible] |
| 03 | উপজেলা কৃষি অফিসার জগন্নাথপুর, সুনামগঞ্জ। | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| 04 | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, জগন্নাথপুর-সুনামগঞ্জ | [illegible] 22.6.23 | [illegible] | [illegible] 27.7.23 | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| 05 | উপজেলা মৎস্য কর্মকর্তা জগন্নাথপুর, সুনামগঞ্জ | [illegible] | [illegible] 22/05/2023 | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] 28/01/2024 |
| 06 | উপজেলা প্রকৌশলী এলজিইডি, জগন্নাথপুর সুনামগঞ্জ | [illegible] 22/06/2023 | [illegible] | [illegible] | [illegible] | [illegible] 25.09.23 | [illegible] | [illegible] 29.11.2023 | [illegible] 21.12.23 | [illegible] |
| 07 | উপজেলা শিক্ষা অফিসার, জগন্নাথপুর সুনামগঞ্জ। | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |

| ক্র.নং | নাম ও পদবী | ২২/০৬/২৩ | ২২/০৮/২০২৩ | ২৯/০৯/২০২৩ | ২৯/৮/২৩ | ২৫/১০/২৩ | ৩০/১০/২০২৩ | ২৯/১১/২০২৩ | ২৭/১২/২৩ | ২৫/০১/২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৯ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ। | [signature] | [signature] | | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১০ | উপজেলা সমবায় কর্মকর্তা, জগন্নাথপুর সুনামগঞ্জ। | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১১ | সহকারী প্রকৌশলী - জনস্বাস্থ্য, | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | |
| ১২ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জগন্নাথপুর, সুনামগঞ্জ | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জগন্নাথপুর- সুনামগঞ্জ। | [signature] | [signature] | | [signature] | | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জগন্নাথপুর, সুনামগঞ্জ | | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | |

| ক্র.নং | দপ্তর ও পদবী | ২২/০৫/২০২৩ | ২২/০৬/২০২৩ | ২৯/০৭/২০২৩ | ২৭/০৮/২৩ | ২৫/০৯/২০২৩ | ৩০/১০/২০২৩ | ২৯/১১/২০২৩ | ২৭/১২/২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ। | | | [signature] | [signature] ২৭/০৮/২৩ | [signature] ২৫/০৯/২৩ | [signature] ৩০/১০/২০২৩ | [signature] ২৯/১১/২০২৩ | |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ। | | | | | | | | |
| ১৭ | পাট সম্প্রসারণ কর্মকর্তা জগন্নাথপুর, সুনামগঞ্জ | [signature] ২২/০৫/২০২৩ | [signature] ২২/০৬/২৩ | [signature] ২৯/০৭/২৩ | [signature] ২৭/০৮/২৩ | [signature] ২৫/০৯/২৩ | [signature] ৩০/১০/২৩ | [signature] ২৯/১১/২৩ | [signature] ২৭/১২/২৩ |
| ১৮ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ। | [signature] ২২/০৫/২৩ | [signature] ২২/০৬/২৩ | [signature] ২৯/০৭/২০২৩ | [signature] ২৭/০৮/২৩ | [signature] ২৫/০৯/২৩ | [signature] ৩০/১০/২৩ | [signature] ২৯/১১/২৩ | [signature] ২৭/১২/২৩ |
| ১৯ | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ), জগন্নাথপুর, সুনামগঞ্জ। | [signature] | [signature] ২২/৬/২৩ | [signature] | [signature] 17.8.23. | | [signature] 30/10/23 | [signature] | [signature] |
| ২০ | পানি উন্নয়ন বোর্ড অফিস জগন্নাথপুর, সুনামগঞ্জ | [signature] ২২/০৫/২৩ | [signature] ২২/০৬/২৩ | | | | | | |
| ২১ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় জগন্নাথপুর, সুনামগঞ্জ | | [signature] | [signature] | [signature] | | | | [signature] ২৭/১২/২৩ |
| ২২ | হোসাইন আহমদ শিল্প ও ইউপি চেয়ার, ইউনিয়ন পরিষদ [illegible] | | [signature] ২২/০৬/২৩ | [signature] ২৯/০৭/২৩ | | | | | |

| ক্রমিক নং | নাম ও পদবী | ২২/০৩/২০২৩ | ২৯/০৭/২০২৩ | ২৭/৮/২৩ | ২৫/৯/২? | ৩০/১০/২০২৩ | ২৬/১১/২০২৩ | ২১/১২/২০২৩ | ২৫/০১/২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | জনাব মো: নুরুল ইসলাম চেয়ারম্যান উপজেলা পরিষদ জগন্নাথপুর, সুনামগঞ্জ। | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০২ | জনাব আবুল হোসেন লালন ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ জগন্নাথপুর, সুনামগঞ্জ। | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৩ | জনাব মোছা: মুক্তিয়া খানম সাথী- মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ জগন্নাথপুর, সুনামগঞ্জ। | [signature] ২২-২০২৩ | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৪ | মো: আক্তার হোসেন মেয়র- জগন্নাথপুর-পৌরসভা | | | | | | | | |
| ০৫ | জনাব মো: রফিক মিয়া চেয়ারম্যান কলকলিয়া ইউনিয়ন পরিষদ, জগন্নাথপুর। | [signature] 22/06/2023 | [signature] | | [signature] 25/09/23 | [signature] 30/10/2023 | [signature] 26/11/2023 | [signature] 21/12/2023 | |
| ০৬ | জনাব মো: আজ্জুর মিয়া চেয়ারম্যান পাটলী- ইউনিয়ন পরিষদ জগন্নাথপুর, সুনামগঞ্জ | | [signature] [signature] | | [signature] | | [signature] | [signature] | [signature] |
| ০৭ | জনাব- মো: মাহবুবুল হক- চেয়ারম্যান মীরপুর ইউনিয়ন পরিষদ জগন্নাথপুর, সুনামগঞ্জ | [signature] 22/03/2023 | [signature] 29/07/2023 | [signature] 27-8-23. | [signature] 25-9-23. | [signature] ৩০/১০/২০২৩ | [signature] ২৬/১১/২০২৩ | [signature] 21.12.2023 | [signature] 25.01.2024 |

| ক্র: নং | নাম ও পদবী | ২২/০৬/২০ | ২৭/০৭/২০২০ | ২৭/০৮/২০ | ২৪/০৯/২০ | ৩০/১০/২০২০ | ২৯/১১/২০২০ | ২৭/১২/২০২০ | ২৫/০১/২০২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০৮ | জনাব মো: জহিরুল ইসলাম বকুল, চেয়ারম্যান ~~ইউনিয়ন~~ চিলাউড়া হলদিপুর ইউপি | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৯ | জনাব মো: [illegible] ইসলাম চেয়ারম্যান রানীগঞ্জ ইউনিয়ন পরিষদ, জগন্নাথপুর সুনামগঞ্জ। | [signature] ২২/০৬/২০ | | [signature] | [signature] | [signature] | [signature] | | [signature] |
| ১০ | জনাব মো: আবুল হাসনাত চেয়ারম্যান সৈয়দপুর শাহারপাড়া ইউপি | [signature] | [signature] | [signature] | | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১১ | জনাব মো: আতাউর খান চেয়ারম্যান আশারকান্দি ইউপি | [signature] | [signature] | [signature] | | | [signature] | [signature] | [signature] |
| ১২ | জনাব মো: মাসুদ মিয়া চেয়ারম্যান পাইলগাঁও ইউনিয়ন পরিষদ ভারপ্রাপ্ত, প্যানেল চেয়ারম্যান | | [signature] | [signature] | | [signature] | [signature] | [signature] | |
| ১৩ | | | | | | | | | |
| ১৪ | | | | | | | | | |